

পশ্চিমবঙ্গ সরকার
সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ
হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর

স্মারক সংখ্যা - 193

তারিখ - ৩০.০১.২০১৮

হরিরামপুর ব্লকের অধীন দানগ্রাম আই. সি. উচ্চ বিদ্যালয়ের ছাত্রী আবাসে স্ব-নির্ভর দল নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা শিরশী গ্রাম পঞ্চায়েতের অর্ন্তগত সমস্ত রিপটেড বা রিনুয়াল গ্রেডিং পাশ করা স্ব-নির্ভর দলগুলিকে জানানো যাচ্ছে যে, দানগ্রাম আই. সি. উচ্চ বিদ্যালয়ের সংলগ্ন ছাত্রী আবাসে কর্মী নিয়োগের এজেন্সী হিসেবে স্থানীয় স্ব-নির্ভর দল নির্বাচন করা হবে। অংশগহনে ইচ্ছুক স্ব-নির্ভর দলগুলিকে আগামী ০৬.০২.২০১৮ তারিখের মধ্যে বেলা ১১ টা থেকে ৪ পর্যন্ত শুধুমাত্র কাজের দিনগুলিতে হরিরামপুর সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণের মিড. ডে. মিল. দপ্তরে আবেদন করতে বলা হচ্ছে। নির্বাচন সংক্রান্ত Screening Committee দলগুলিকে নির্বাচন করে জেলা শাসকের করণে অনুমোদনের জন্য পাঠাবেন। অনুমোদিত হলে উক্ত দলকে সংশ্লিষ্ট আধিকারিক এজেন্সী হিসেবে ১ (এক) বছরের জন্য নিযুক্ত করবে।

পদগুলি	যাদের জন্য সংরক্ষিত
কুক	শুধুমাত্র মহিলাদের জন্য
হেল্পার	শুধুমাত্র মহিলাদের জন্য
সুইপার	শুধুমাত্র মহিলাদের জন্য

যোগ্যতা নির্ণায়ক বিষয়গুলি হল:-

১. আবেদনকারী দলকে রিপটেড / রিনুয়াল গ্রেডিং উত্তীর্ণ হতে হবে।
২. দলের সামগ্রিক গুণাগুণ, গ্রেডিং ইত্যাদি বিষয়ের ভিত্তিতে ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে।
৩. সকল স্ব-নির্ভর দলকে একটি স্বঘোষনাপত্র দিতে হবে। স্বঘোষনাপত্রের বয়ান এই নোটিশের সঙ্গে যুক্ত করা হল।

বি:দ্র:

১. প্রতিটি স্ব-নির্ভর দলকে ১ (এক) বছরের চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হবে। তবে কাজের মান বিবেচনা করে চুক্তি পুনর্নবীকরণ করা যেতে পারে।
২. আবেদনকারী দলগুলিকে আগামী ০৭.০২.২০১৮ তারিখে বেলা ১১:৩০ টায় মহকুমা শাসকের করণে (বুনিয়াদপুর) হাজির হয়ে ইন্টারভিউ (প্রয়োজনীয় কাগজপত্র সহ) দিতে হবে। দলের তরফে দলনেত্রী সহ মোট দুজন ইন্টারভিউতে উপস্থিত থাকতে পারবেন।

সমষ্টি উন্নয়ন আধিকারিক
হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর

স্মারক সংখ্যা - 193

তারিখ - ৩০.০১.২০১৮

প্রতিলিপি জ্ঞাতার্থে প্রেরিত হল :-

১. জেলা শাসক, দক্ষিণ দিনাজপুর।
২. মহকুমা শাসক, গঙ্গারামপুর, বুনিয়াদপুর।
৩. জেলা আধিকারিক, সাধারণ ও শিক্ষা, দক্ষিণ দিনাজপুর।
৪. জেলা বিদ্যালয় পরিদর্শক (উচ্চ), দক্ষিণ দিনাজপুর।
৫. জেলা তথ্যপুঞ্জি আধিকারিক, দক্ষিণ দিনাজপুর, আপনাকে অনুরোধ করা হচ্ছে দক্ষিণ দিনাজপুর জেলার ওয়েবসাইট-এ আপলোড করার জন্য।
৬. সভাপতি, হরিরামপুর পঞ্চায়েত সমিতি।
৭. যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক, হরিরামপুর ব্লক।
৮. অপর বিদ্যালয় পরিদর্শক, বংশীহারী উত্তর চক্র, হরিরামপুর।
৯. সমিতি শিক্ষা আধিকারিক, হরিরামপুর পঞ্চায়েত সমিতি।
১০. লেডি গ্রাম সেভিকা, হরিরামপুর।
১১. প্রধান, শিরশী গ্রাম পঞ্চায়েত।
১২. সভাপতি, বিদ্যালয় পরিচালন কমিটি, দানগ্রাম আই. সি. উচ্চ বিদ্যালয়।
১৩. প্রধান শিক্ষক, দানগ্রাম আই. সি. উচ্চ বিদ্যালয়।
১৪. সভানেত্রী, মহাসংঘ, হরিরামপুর

সমষ্টি উন্নয়ন আধিকারিক
হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর